

পত্রের নমুনা

মশার উপদ্রব নিবারণের জন্যে কর্তৃপক্ষের সহায়তা কামনা করে সংবাদপত্রে
প্রকাশার্থে একখানা পত্র রচনা কর।

তারিখ: ২০/০৩/২০১২ ইং

সম্পাদক,

দৈনিক ইত্তেফাক

১, নং রামকৃষ্ণ মিশন রোড, ঢাকা।

বিষয়: সংবাদপত্রে প্রকাশের জন্য পত্র।

মহোদয়,

আপনার পত্রিকায় চিঠিপত্র কলামে মশার উপদ্রব সংক্রান্ত পত্রটি ছাপানোর বিনীত
অনুরোধ করছি।

নিবেদন

রাজ সামি

১৬৪ উত্তর গোড়ান

ঢাকা ১২১৯

মশার উপদ্রবে জনজীবন অতিষ্ঠ

রাজধানীর গোড়ান, সিপাইবাগ ও খিলগাও এলাকায় মশার উপদ্রবে জনজীবন অতিষ্ঠ
হয়ে উঠেছে। সন্ধ্যা নেমে আসার সঙ্গে সঙ্গে পঙ্গপালের মতো মশার হামলা শুরু হয়।
এতে ছাত্রছাত্রীদের পড়াশোনায় খুবই বিঘ্ন ঘটছে। বিশেষ করে পরিক্ষার্থীরা
রাত জেগে লেখাপড়া করতে পারছে না। দুঃখের বিষয় মশার অত্যাচার সহ্যসীমার বাইরে
চলে গেলেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কোনো তৎপরতা নেই। এ ব্যাপারে
অবিলম্বে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্যে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

এলাকাসবাসীর পক্ষে

রাজন সামি

১৬৪ উত্তর গোড়ান

ঢাকা ১২১৯